



তানজিম হত্যা মামলায় ৪ জনের মৃত্যুদণ্ড



লেফটেন্যান্ট তানজিম। ছবি: সংগৃহীত

কক্সবাজারের চকরিয়ায় অভিযান চলাকালে সেনাবাহিনীর কর্মকর্তা লেফটেন্যান্ট তানজিম সারোয়ার হত্যার ঘটনায় দায়ের করা মামলায় চারজনকে মৃত্যুদণ্ড দিয়েছেন আদালত। এছাড়া পাঁচজনকে যাবজ্জীবন কারাদণ্ড, চারজনকে ১০ বছর করে সশ্রম কারাদণ্ড দেওয়া হয়েছে। মামলায় আরও পাঁচজনকে খালাস দেওয়া হয়। বুধবার (২০ মে) দুপুরে কক্সবাজারের অতিরিক্ত জেলা ও দায়রা জজ মোহাম্মদ আবুল মনসুর সিদ্দিকী এ রায় ঘোষণা করেন। বিষয়টি নিশ্চিত করেন আদালতের জ্যেষ্ঠ আইনজীবী খুরশেদ আলম চৌধুরী।

রাষ্ট্রপক্ষ জানায়, মামলায় ৫২ জন সাক্ষীর সাক্ষ্যগ্রহণ শেষে উভয় পক্ষের যুক্তিতর্ক শুনে আদালত এ রায় দেন।

২০২৪ সালে চকরিয়া উপজেলার ডুলাহাজারা ইউনিয়নের পূর্ব মাইজপাড়া এলাকায় ডাকাতির খবর পেয়ে যৌথ বাহিনী অভিযান চালায়। অভিযানের সময় ডাকাত দলের সদস্যদের ছুরিকাঘাতে নিহত হন লেফটেন্যান্ট তানজিম সারোয়ার।

আইএসপিআরের তথ্যমতে, ২৩ সেপ্টেম্বর গভীর রাতে সন্দেহভাজন একটি বাড়ি ঘিরে ফেলে যৌথ বাহিনী। এ সময় দুই সন্ত্রাসীকে চ্যালেঞ্জ করলে তানজিমের ওপর হামলা চালানো হয়। গুরুতর আহত অবস্থায় তাকে প্রথমে চকরিয়া খ্রিস্টান হাসপাতালে এবং পরে রামু সিএমএইচে নেওয়া হলে ভোরে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

এ ঘটনায় দায়ের করা দুটি মামলায় মোট ১৮ জনকে অভিযুক্ত করে আদালতে অভিযোগপত্র জমা দেওয়া হয়েছিল।